# প্রথম অধ্যায়

### নামকরন ,সংজ্ঞা ও গবেষণা নীতিমালার উদ্দেশ্যঃ

**১. নামকরণ ও প্রারম্ভিকতা**

১.১ এ নীতিমালা ‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা নীতিমালা, ২০২৪ নামে অভিহিত হবে;

১.২ এ নীতিমালা ‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)’ এ কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীসহ পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল গবেষক, কর্মী এবং সহযোগীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

১.৩ এ গবেষণা নীতিমালাটি অনুমোদিত হবার সাথে সাথে বলবৎ হবে;

**২. সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে এ নীতিমালায়

২.১ ‘আইন’ বলতে

২.২ ‘বিধিমালা’ বলতে

২.৩ ‘নীতিমালা’ বলতে

২.৪ ‘কমিটি’ বলতে

২.৫ ‘গবেষক’ বলতে

২.৬ ‘কর্তৃপক্ষ’ বলতে

২.৭ ‘প্রতিষ্ঠান প্রধান’ বলতে

২.৮ ‘ক্রয়কারী’ বলতে

২.৯ ‘পরামর্শক’ বলতে

**৩.গবেষণা নীতিমালার উদ্দেশ্য**

পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক একটি মানসম্মত গবেষণা কাঠামো প্রস্তুত করাই এ গবেষণা নীতিমালার মূল উদ্দেশ্য। সে লক্ষ্যে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট- এর গবেষণা

নীতিমালার উদ্দেশ্যকে দুই ভাগে উপস্থাপন করা যেতে পারে - ১. গবেষণার উদ্দেশ্য, ২. গবেষণা নীতিমালার উদ্দেশ্য

**৩.১ গবেষণার উদ্দেশ্য**

(ক) শোভন কর্ম পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা বিষয়ক গবেষণার মাধ্যমে দেশের সামগ্রিক উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা প্রদান করা;

(খ) কর্মক্ষেত্রে শোভন কর্ম পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে উপাত্ত ও তথ্যভিত্তিক বিভিন্ন ঝুঁকিপূর্ণ সেক্টর চিহ্নিতকরণ ও প্রতিরোধমূলক ব্যবস্থা অনুসন্ধান;

(গ) কর্মস্থলে সংঘটিত দুর্ঘটনার কারণগুলো বিশ্লেষণ করে প্রতিরোধমূলক পদক্ষেপ অনুসন্ধান;

(ঘ) সময়োপযোগী ও অগ্রাধিকারমূলক গবেষণার মাধ্যমে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক সময়োপযোগী সঠিক আইন ও নীতিমালা প্রণয়নে সহায়তা করা;

(ঙ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম সংক্রান্ত বিষয়ে মূল্যায়ন এবং সঠিক ও সময় উপযোগী তথ্য-উপাত্ত সরবরাহ করা;

(চ) জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক  গবেষণা  এবং ইনস্টিটিউ এর কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা;

(ছ) গবেষণার ফলাফলের মাধ্যমে প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নের মাধ্যমে দপ্তরের কার্যক্রম ও সেবার মান বৃদ্ধি করা;

**৩.২ গবেষণা নীতিমালার উদ্দেশ্য**

(ক) গবেষণার ধরন, গবেষণা প্রস্তাবের রূপরেখা, প্রস্তাব আহ্বান ,মানদন্ড নির্ধারণ ও যাচাই প্রক্রিয়ায় আদর্শ অনুসরণীয় পদ্ধতি সম্পর্কে দিক নির্দেশনা বলা;

(খ) গবেষণা নির্বাচন ও অনুমোদন প্রক্রিয়া সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান;

(গ) গবেষণা পরিচালনার যোগ্যতা অন্যান্য শর্তগুলি নির্ধারণ;

(ঘ) গবেষণার আর্থিক ব্যবস্থাপনা অর্থ চারের প্রক্রিয়া সম্পর্কিত বিষয় ধারণা প্রদান;

(ঙ) গবেষণা প্রতিবেদন মূল্যায়ন মনিটরিং পদ্ধতি বিষয়ে ধারণা প্রদান;

(চ) গবেষণায় অর্থের জবাবদিহিতা ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ধারণা করা এ নীতিমালা তৈরির উদ্দেশ্যে;

### ৩.৩ গবেষণার পরিধি

এ নীতিমালা ‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)’ এ কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীসহ পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল গবেষক, কর্মী এবং সহযোগীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI) কর্তৃক পরিচালিত কার্যক্রমসহ দপ্তর সংশ্লিষ্ট নাগরিক সেবা সংক্রান্ত সকল বিষয় গবেষণার অন্তর্ভুক্ত হবে;

এছাড়া কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী যে কোন বিষয় অথবা বিষয়সমূহ;

# দ্বিতীয় অধ্যায়

## গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা

গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ দুটি কমিটি থাকবে-

২.১ গবেষণা প্রস্তাব উন্মুক্তকরণ ও যাচাই কমিটি

| | |
|---|---|
| (ক) উপ মহাপরিদর্শক (গবেষণা ও পরামর্শ) | আহবায়ক |
| (খ) | সদস্য |
| (গ) সহকারী মহাপরিদর্শক/শ্রম পরিদর্শক | সদস্য সচিব |

২.১.১ কমিটির কার্যপরিধি নিম্নরূপ-

(ক) বিভিন্ন উৎস হতে প্রাপ্ত গবেষণার বিষয়বস্তু সমূহ বাছাইপূর্বক তালিকা প্রস্তুত;

(খ) পিপিআর অনুযায়ী সকল দলিলপত্র প্রস্তুতকরণ;

(গ)) গবেষণা প্রস্তাব আহবান;

(ঘ) গবেষণা প্রস্তাব উন্মুক্তকরণ ও সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতকরণ;

(ঙ) প্রস্তাবসমূহ যাচাইপূর্বক সুপারিশ প্রদান করা এবং মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ;

সভায় .........জন সদস্যে উপস্থিতিতে কোরাম হবে। কমিটির সভাপতিসহ সকল সদস্য সভায় উপস্থিত থাকা সাপেক্ষে .........হারে সম্মানী প্রাপ্য হবেন।

২.২ গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপ-

| | |
|---|---|
| (ক) যুগ্ম মহারিদর্শক | আহবায়ক |
| (খ) | সদস্য |
| (গ) | সদস্য |
| (ঘ) | সদস্য |
| (ঙ) | সদস্য |

(চ) সদস্য

(ছ) সদস্য

(জ) উপ মহাপরিদর্শক (গবেষণা ও পরামর্শ) সদস্য সচিব

সভায় .........জন সদস্যে উপস্থিতিতে কোরাম হবে। কমিটির সভাপতিসহ সকল সদস্য সভায় উপস্থিত থাকা সাপেক্ষে .........হারে সম্মানী প্রাপ্য হবেন।

২.২.১ কমিটির কার্যপরিধি নিম্নরূপ-

(ক) সকল গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদনের জন্য মতামত ও সুপারিশ প্রদান;

(খ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং অর্থ ছাড়ের সুপারিশ;

(গ) গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে মতামত প্রদান;

(ঘ) পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর আলোকে ভিত্তিক ও পেশাগত সেবা ক্রয় প্রস্তাব মূল্যায়ন কমিটির দায়িত্ব পালন;

(ঙ) গবেষণা পরিচালনার সময় ও কর্ম এলাকায় চূড়ান্তকরণে সুপারিশ প্রদান;

২.২.২ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/যুগ্মমহাপরিদর্শক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট গবেষণা প্রস্তাবের চূড়ান্ত অনুমোদনকারীর দায়িত্ব পালন করবেন।

২.২.৩ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ, গবেষণার সার্বিক মান উন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

২.২.৪ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/যুগ্মমহাপরিদর্শক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অনুমোদনক্রমে কমিটি প্রয়োজন বোধ এ বিষয়ে সংশ্লিষ্ট সেক্টরের যেকোনো কর্মকর্তা কর্মচারী অথবা দপ্তর বহির্ভূত যে কোন উপযুক্ত ব্যক্তিকে তাহার সম্মতি সাপেক্ষে সদস্য/বিশেষজ্ঞ হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে।

২.৩ গবেষণার ধরণ

আর্থিক সংশ্লেষ ও মেয়াদ বিবেচনায় গবেষণার ধরন নিম্নরূপ-

(১) ‘ক’ শ্রেণির গবেষণা- এটি বড় ধরনের দীর্ঘ মেয়াদী গবেষণা। ১০,০০,০০০/- (দশ লক্ষ) বা তদুর্ধ্ব টাকা এবং অনূর্ধ্ব ৩ (তিন) বছর (FY) মেয়াদি হবে। বিশেষ করে যে সকল বিষয়ে ফলাফল প্রতি দীর্ঘ মেয়াদী গবেষণা প্রয়োজন বা ডাটা সংগ্রহের ব্যাপ্তি ও কার্যপরিধির কারণে একাধিক বছর প্রয়োজন হতে পারে অথবা প্রয়োগিক

গবেষণার (Action Research) ডাটা সংগ্রহের ব্যাপ্তি বিবেচনায় এ ধরনের গবেষণা ও মেয়াদ নির্ধারিত হবে। সাধারণভাবে পরামর্শ প্রতিষ্ঠানের মাধ্যমে এ ধরনের গবেষণা পরিচালিত হবে

(২) ‘খ’ শ্রেণির গবেষণা- এটি মাঝারি ধরনের গবেষণা। অনধিক ১০,০০,০০০/- (দশ লক্ষ) বা তদুর্ধ্ব টাকা এবং অনূর্ধ্ব ২ (দুই) বছর (FY) মেয়াদি হবে। কার্যপরিধি বা গবেষণার প্রয়োজনে বা ডাটা সংগ্রহের ব্যাপ্তি ও কার্যপরিধির কারণে একাধিক বছর প্রয়োজন হতে পারে।

(৩) ‘গ’ শ্রেণির গবেষণা- একটি সাধারণ ধরণের গবেষণা। অনধিক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) এবং অনূর্ধ্ব ১ (এক) বছর (FY) মেয়াদি হবে। এ ধরনের গবেষণা স্থানীয় ব্যক্তি পরামর্শক নির্বাচনের মাধ্যমে পরিচালিত হবে এবং একই অর্থবছরের মধ্যে গবেষণা কর্ম সমাপ্ত হবে।

‘গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি’ বাজেট ও চাহিদা বিবেচনায় নিয়ে গবেষণা প্রস্তাব আহবানের পূর্বেই গবেষণার ধরন ও সংখ্যা নির্ধারণ করবে। ‘ক’ ও ‘খ’ শ্রেণির গবেষণা প্রস্তাবে বছরভিত্তিক কর্মপরিকল্পনা, লক্ষ্যমাত্রা, ব্যয়-পরিকল্পনা, সুনির্দিষ্ট Deliverable অন্তর্ভুক্ত করতে হবে। উল্লেখ্য গবেষণার পিপিআর এর বিধানাবলি সাপেক্ষে গবেষণা কমিটির সুপারিশ ক্রমে হ্রাস বৃদ্ধি করতে পারবে।

২.৪ গবেষণার প্রস্তাবনা আহ্বান-

প্রত্যেক অর্থ বছরে গবেষণা প্রস্তাব আহ্বান  করার লক্ষ্যে বহুল প্রচারিত যে কোনো দুইটি জাতীয় দৈনিক (একটি বাংলা ও একটি ইংরেজি) পত্রিকায় গবেষণা আগ্রহ ব্যক্তকরণ (Express of Interest) পত্র আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। ‘গবেষণা উন্মুক্তকরণ ও যাচাই কমিটি’ গবেষণার প্রস্তাবনা আহ্বান করবে।

২.৫ গবেষণা প্রস্তাবে রূপরেখা-

২.৫.১ একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে যেসব বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে তা পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হয়েছে।

২.৫.২ গবেষণা প্রস্তাবের সাথে ফ্লো চার্ট () আকারে গবেষণার ডিজাইন () দাখিল করতে হবে। যাতে গবেষণার পদ্ধতি,কর্ম পরিকল্পনা, তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ সংক্রান্ত রূপরেখা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

২.৫.৩ গবেষকদের জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে।

২.৬ গবেষণা নির্বাচন ও অনুমোদন প্রক্রিয়া-

গবেষণা নির্বাচন ও অনুমোদনের লক্ষ্যে নিম্নরূপ সম্ভাব্য সময়সূচি অনুসরণ করা যেতে পারে-

(ক) প্রতি অর্থবছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে গবেষণা সংখ্যা নির্ধারণ করে গবেষণা প্রস্তাব গ্রহণ : জুন

(খ) সকল সম্ভাব্য অংশীজনের সাথে আলোচনা ও বিজ্ঞপ্তি মাধ্যমে পরবর্তী অর্থবছরের গবেষণা বিষয়বস্তু নির্ধারণ করে EOI আহ্বান : জুলাই

(গ) গবেষণা প্রস্তাব দলিল চূড়ান্তকরণ ও প্রস্তাব আহ্বান : আগস্ট

(ঘ) গবেষণা অনুমোদন ও চুক্তি স্বাক্ষর : সেপ্টেম্বর

(ঙ) Inception Report দাখিল ও গবেষণা শুরু : অক্টোবর

(চ) 'ক' ও 'খ' শ্রেণীর গবেষণার জন্য নির্দিষ্ট বাজেটের (Fixed Budget Based Selection, FBBS) অধীন পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (Selection of Consulting Firm, SCF) পদ্ধতি এক্ষেত্রে অনুসরণ করতে হবে

(ছ) 'গ' শ্রেণীর গবেষণার জন্য নির্দিষ্ট বাজেটের (FBBS) অধীন ব্যক্তি পরামর্শ নির্বাচন (Selection of Individual Consultant, SIC) পদ্ধতি ক্ষেত্র অনুসরণ করতে হবে

(জ) যে কোনো সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা গবেষণা কার্যক্রমে যুক্ত হতে চাইলে তাকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের লিখিত অনুমতিপত্র দাখিল করতে হবে। অনুমোদন না থাকলে উক্ত প্রস্তাব বাতিল বলে গণ্য হবে

(ঝ) গবেষণা কমিটি গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের পূর্বে প্রয়োজনে ব্যক্তি বা পরামর্শ প্রতিষ্ঠানকে উপস্থাপনের জন্য অনুরোধ করতে পারবে। এক্ষেত্রে গবেষণা কমিটির আলোচনা সাপেক্ষে গবেষণার বাজেট, পরিধি, ব্যপ্তি বা গবেষণা শিরোনাম সংশোধনের জন্য সুপারিশ করতে পারবে

(ঞ) গবেষণা কমিটির সকল সুপারিশ মহাপরিদর্শক/যুগ্ম মহাপরিদর্শক কর্তৃক অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে

(ট) গবেষণা অনুমোদনের জন্য স্ব স্ব গবেষক বা গবেষণা প্রতিষ্ঠানকে গবেষণা প্রস্তাবের সাথে বর্ণিত উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে Inception Report and Questinaire গবেষণা কমিটির নিকট উপস্থাপন করতে হবে

২.৭ গবেষণার মেয়াদ-

গবেষণা সম্পন্ন করার মেয়াদ 'গ' শ্রেণীর গবেষণার জন্য সাধারণভাবে অর্থবছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কিন্তু 'ক' ও 'খ' শ্রেণীর গবেষণার জন্য যথাক্রমে ৩ (তিন) ও ২ (দুই) অর্থ বছর মেয়াদী হবে। তবে বিশেষ প্রয়োজনে সাধারণ গবেষণার চূড়ান্ত প্রতিবেদন মুদ্রণ/প্রকাশের কাজটি মহাপরিদর্শক প্রয়োজনবোধে ২ (দুই) মাস ও বিশেষ ক্ষেত্রে/ দুর্যোগকালীন সর্বোচ্চ ৬ (ছয়) মাস বৃদ্ধি করতে পারবে।

২.৮ গবেষণা আরম্ভ-

স্ব স্ব পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান অনুমোদিত কর্ম পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে Inception রিপোর্ট এবং সংশ্লিষ্ট মনিটরিং অফিসার কর্তৃক Qeustinaire গবেষণা কমিটির নিকট উপস্থাপন করবেন। গবেষণা কমিটির সুপারিশ মহাপরিদর্শক/যুগ্ম মহাপরিদর্শক কর্তৃক অনুমোদিত হলে যুগ্ম

মহাপরিদর্শক/ উপ মহাপরিদর্শক (গবেষণা) প্রতিটি অনুমোদিত গবেষণার আদেশ জারি করবেন এবং মহাপরিদর্শক/যুগ্ম মহাপরিদর্শকের অনুমোদন ক্রমে প্রথম কিস্তির অর্থ ছাড় করা হবে

২.৯ গবেষণার আর্থিক ও ভৌত অগ্রগতি পর্যালোচনা-

প্রতিটি গবেষণার পরামর্শক অথবা পরামর্শক প্রতিষ্ঠান প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে গবেষণার আর্থিক ও ভৌত অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে যুগ্ম মহাপরিদর্শক/উপ মহাপরিদর্শক (গবেষণা) নিকট দাখিল করবেন। মাসিক সভায় চলমান গবেষণাসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হবে

২.১০ মধ্যবর্তী অগ্রগতি পর্যালোচনা-

'ক' ও 'খ' শ্রেণীর গবেষণার ক্ষেত্রে স্ব স্ব গবেষণা প্রতিষ্ঠানের মুখ্য পরামর্শক ৬ (ছয়) মাস অন্তর গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন গবেষণা কমিটির সভায় উপস্থাপন করবেন। কিন্তু 'গ' শ্রেণীর ক্ষেত্রে গবেষণা স্ব স্ব পরামর্শক প্রতি ৩ (তিন) মাস অন্তর গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন। গবেষণা কমিটি অগ্রগতি প্রতিবেদন আলোচনা করে ব্যক্তি/ পরামর্শক প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারবে। এক্ষেত্রে মাঠ পর্যায়ে অনুমোদিত পদ্ধতি অনুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে কিনা, কোন অনিয়ম হলে তা প্রদত্ত পরামর্শ অনুযায়ী সংশোধন হয়েছে কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার মতামত ও  গবেষণা কমিটির সুপারিশের ভিত্তিতে মধ্যবর্তী প্রতিবেদন সন্তোষজনক হলে দ্বিতীয় কিস্তির অর্থ ছাড় করা হবে। প্রতিটি গবেষণার সারসংক্ষেপসহ খসড়া প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

২.১১ গবেষণা প্রতিবেদন অনুমোদন ও চূড়ান্ত প্রতিবেদন দাখিল-

প্রতিটি গবেষণা প্রতিবেদন নির্ধারিত প্রক্রিয়ায় গবেষণা কমিটির সুপারিশসহ মহাপরিদর্শকের অনুমোদন গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই চূড়ান্ত প্রতিবেদন ও সমন্বয় বিল ভাউচার দাখিল করতে হবে। চূড়ান্ত প্রতিবেদনের রূপরেখা পরিশিষ্ট 'খ' তে উল্লেখ করা হয়েছে।

২.১২ গবেষণা প্রতিবেদনের স্বত্ব-

(ক) প্রতিটি গবেষণা প্রতিবেদনের স্বত্ব 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)' এর জন্য সংরক্ষিত থাকবে

(খ) 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)' জার্নালে প্রকাশের জন্য আর্টিকেল ফরমেটে অবশ্যই চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের সাথে একটি কপি (হার্ড ও সফট) যুগ্ম মহাপরিদর্শক বরাবর দাখিল করতে হবে।

(গ) 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)' জার্নালে প্রকাশের জন্য সংশ্লিষ্ট গবেষক বা গবেষণা প্রতিষ্ঠান কোন সম্মানী প্রাপ্য হবেন না।

# তৃতীয় অধ্যায়

## গবেষণা পরিচালনার যোগ্যতা ও অন্যান্য শর্ত

৩.১ গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণের সাথে পারস্পরিক সহযোগিতার ধারণ

# NOSHTRI ও গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান

/প্রতিষ্ঠানের সদস্যগণ বিষয়ভিত্তিক গবেষণার ক্ষেত্রে চুক্তি,MoU স্বাক্ষরের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবে। চুক্তি,MoU-এ  পরামর্শ সেবার ধরণ,পরিধি,সময়কাল,কারিগরী দিক সহ সংশ্লিষ্ট বিষয়াদি উল্লেখ থাকবে।

#পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে গবেষণার ক্ষেত্রে এ সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক কারিগরী ও অন্যান্য সহযোগিতা, তথ্য বিনিময়ের ব্যবস্থাপনা থাকবে

৩.২ গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণের যোগ্যতা

# সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক গবেষণার ক্ষেত্রে গবেষণা পরামর্শক প্রতিষ্ঠানকে বিদ্যমান জাতীয়/আন্তর্জাতিক মানদণ্ডে উত্তীর্ণ হতে হবে।

#গবেষণা পরামর্শক প্রতিষ্ঠানের সদস্যগণের/ গবেষণা পরামর্শক ব্যক্তির বিষয়ভিত্তিক গবেষণার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে জাতীয়/আন্তর্জাতিক মানদণ্ডের ডিগ্রী, আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষিয়ে প্রকাশনা থাকতে হবে।

৩.৩ গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণের উপর আরোপিত শর্তসমূহ

#গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণের সঙ্গে স্বাক্ষরিত চুক্তি অথবা MoU-এর কোন শর্ত গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণ কতৃক ভঙ্গ করা হলে সেই চুক্তি অথবা MoU বাতিলের অধিকার NOSHTRI সংরক্ষন করে।

#চুক্তি বা MoU স্বাক্ষরের পরে গবেষণা পরামর্শ প্রতিষ্ঠান জাতীয়/আন্তর্জাতিক মানদণ্ডে অনুত্তীর্ণ- এমন প্রশ্ন যদি উত্থাপিত হয় এবং প্রতিষ্ঠানের সদস্যগণের বা গবেষণা পরামর্শক ব্যক্তির জাতীয়/আন্তর্জাতিক মানদণ্ডের ডিগ্রী বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা বিষয়ে কোন চৌর্যবৃত্তি বা জালিয়াতি পরিলক্ষিত হয় তাহলে কৃত চুক্তি বা MoU বাতিল করা,সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তির সাথে ভবিষ্যতে এ সম্পর্কিত চুক্তি বা MoU করা না করার এখতিয়ার NOSHTRI কতৃপক্ষ সংরক্ষণ করবে।

#গবেষণা পরামর্শক প্রতিষ্ঠান /প্রতিষ্ঠানের সদস্যগণ থেকে গৃহীত পরামর্শের বিনিময়ে বা গবেষণা কার্যক্রমে সহায়তার বিনিময়ে প্রদেয় পরামর্শ/সহায়তাকরণ ফী MoLE /DIFE NOSHTRI'র বিধি মোতাবেক নির্ধারিত হবে।

# চতুর্থ অধ্যায়

## গবেষণা প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা

৪.১ তহবিলের উৎস

৪.২ যৌথ অর্থায়নে গবেষণা

৪.৩ গবেষণার বাজেট বিভাজন

৪.৪ গবেষণা পরিচালনার অর্থছাড়,অব্যয়িত অর্থ ফেরত ও সমন্বয়

গবেষণা কার্যক্রম/প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা

৪.১ তহবিলের উৎস

গবেষণা কার্যক্রম/প্রকল্প পরিচালনার ব্যয় সম্পাদনে ৩ টি খাত থেকে তহবিল সংগ্রহ করা যাবে-

(ক) NOSHTRI'র রাজস্ব ও উন্নয়ন বাজেটের গবেষণা উপ-খাতে বরাদ্দকৃত অর্থ

(খ) সমজাতীয় প্রতিষ্ঠান/সংস্থার সাথে যৌথভাবে গৃহীত গবেষণা/সমীক্ষার জন্য বরাদ্দকৃত অর্থ

(গ) NOSHTRI'র সাথে দেশি ও বিদেশী সংস্থার  সম্পাদিত চুক্তি/MoU-এ উল্লিখিত খাতের অর্থ এবং

(ঘ) বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা কতৃক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত  অনুদান

৪.২ যৌথ অর্থায়নে গবেষণা

NOSHTRI বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা /দেশীয় এনজিও'র সাথে যৌথ অর্থায়নে গবেষণা পরিচালনা করতে পারবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে চুক্তি/MoU এর ভিত্তিতে গবেষণার আর্থিক ও অন্যান্য বিষয় নির্ধারিত হবে।

৪.৩ গবেষণার বাজেটের বিভাজন

# পঞ্চম অধ্যায়

## বিবিধ

৫.১ গবেষণা কাজে উদ্ভূত জটিলতা/প্রতিবন্ধকতা নিরসন

পরিশিষ্ট ‘ক’

(ক) গবেষণার শিরোনাম

(খ) ভূমিকা

(গ) গবেষণার সমস্যা/চাহিদা

(ঘ) গবেষণার যৌক্তিকতা

(ঙ) গবেষণার উদ্দেশ্য

(চ) গবেষণা পরিধি

(ছ) গবেষণা পদ্ধতি

(জ) লিটারেচার রিভিও এবং প্রাসঙ্গিক অন্যান্য গবেষণা পর্যালোচনা

(ঝ) উপাত্ত উপস্থাপন/ বিশ্লেষণ পরিকল্পনা

(ঞ) গবেষণায় নিয়োগযোগ্য ব্যক্তি/ব্যক্তিবর্গ

(ট) সময়সূচিসহ কর্ম পরিকল্পনা

(ঠ) বাজেট বিভাজন

(ড) মূখ্য পরাপর্শক/মূখ্য গবেষক এবং প্রযোজ্য ক্ষেত্রে সদস্যদের জীবন বৃত্তান্ত

(ঢ) তথ্যসূত্র